দৈনিক ইনকিলাব

006

তারিখ 18 APR 1988
পৃষ্ঠা 1 কলাম 1

# ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে রাজশাহীতে ছাত্র-পুলিশ সংঘর্ষে আহত একশ'

॥ নিজস্ব সংবাদদাতা ॥

দিনাজপুর, ১৭ এপ্রিল।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে আজ দিনাজপুরে পুলিশ ও ছাত্র-জনতার মধ্যে সংঘর্ষে কমপক্ষে একশ'জন আহত হয়। আহতদের মধ্যে একজন পরীক্ষার্থীর অবস্থা গুরুতর। সংঘর্ষের এক পর্যায়ে পুলিশ এক রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ ও বেপোরোয়া লাঠিচার্জ করে।

পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কর্তব্যরত ম্যাজিস্ট্রেট দিনাজপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে দু'জন পরীক্ষার্থীর খাতা কেড়ে নিলে ম্যাজিস্ট্রেটের সাথে উক্ত পরীক্ষার্থীদের বচসা হয়। এ ঘটনার জের হিসেবেই পরীক্ষা শেষে সংঘর্ষের সূত্রপাত হয়। এক পর্যায়ে পুশি উক্ত পরীক্ষা কেন্দ্রের

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ডিগ্রী পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

আশপাশ এলাকা ছাড়াও শহরের বালুবাড়ী ও মিসমনগর (ফুলবাড়ী বাস স্ট্যাণ্ড) বাড়ীঘর ও দোকানপাটে ঢুকে এবং সাধারণ মানুষদের বেধড়ক পিটায়। কালুবাড়ীর একটি স' মিল থেকে কয়েকজন ব্যবসায়ীসহ ১৪ জন যুবককে আটক করে পুলিশ থানায় নিয়ে যায়। আজ দিনাজপুরে ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গাইবান্ধা থেকে সংবাদদাতা জানান, আজ ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে গাইবান্ধায় ২৮ জন পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়েছে।